Bangladesh Observer 0 3 MAR 1989

ডকুমেন্টেশন কেন্দ্র
008

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে ১ম পর্ব স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

১৯৮৭-৮৮ শিক্ষা বর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ম পর্ব স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাইতেছে। ১১ই মার্চ হইতে ২০শে মার্চ, ১৯৮৯ পর্যন্ত আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দফতরে গ্রহণ করা হইবে।

১৯৮৫, ১৯৮৬ ও ১৯৮৭ সনের স্নাতক পরীক্ষায় যাহারা উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী পরীক্ষার যে কোন দুইটি পরীক্ষায় অন্ততঃ ২য় বিভাগে উত্তীর্ণ হইয়াছে এবং ভর্তিচ্ছু বিষয়ে অথবা অনুমোদিত সম্বনধযুক্ত বিষয়ে ডিগ্রী পর্যায়ে অন্ততঃ ৪০% নম্বর পাইয়াছে, তাহারাই কেবল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করিবার উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে।

তবে ইহা ছাড়াও ১৯৮৫ ও ১৯৮৬ সনের অনার্স পরীক্ষায় যাহারা 'পাস' ডিগ্রী পাইয়াছে তাহাদের মাধ্যমিক পরীক্ষা হইতে স্নাতক পরীক্ষা পর্যন্ত অন্ততঃ ২টি পরীক্ষায় ২য় বিভাগ অথবা ১টি পরীক্ষায় ১ম বিভাগ এবং অপর ২টি পরীক্ষায় ৩য় ও 'পাস' ডিগ্রীপ্রাপ্ত হইলে তাহারাও ভর্তির জন্য আবেদন করিতে পারিবে এবং তাহাদেরকেও অন্যান্যদের সাথে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীদের স্নাতক পর্যায়ে বাংলা অথবা ইংরেজীতে অন্ততঃ ৪০% নম্বরপ্রাপ্ত হইতে হইবে এবং স্নাতক পর্যায়ে যাহারা বাংলা অথবা ইংরেজী বিষয় পড়ে নাই তাহাদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইংরেজী অথবা বাংলা বিষয়ে অন্ততঃ ৪৫% নম্বরপ্রাপ্ত হইতে হইবে।

ভাষাতত্ত্ব বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীদের স্নাতক পর্যায়ে ইংরেজী অথবা বাংলা অথবা অন্য যে কোন ভাষায় ৪০% নম্বরপ্রাপ্ত হইতে হইবে। স্নাতক পর্যায়ে যাহারা বাংলা অথবা ইংরেজী বিষয় পড়ে নাই তাহাদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইংরেজী অথবা বাংলা অথবা অন্য যে কোন ভাষায় অন্ততঃ ৪৫% নম্বরপ্রাপ্ত হইতে হইবে।

এছাড়া ভাষাতত্ত্ব বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীদের মধ্যে যাহারা বাংলা অথবা ইংরেজী অথবা অন্য যে কোন ভাষায় মাস্টার্স ডিগ্রী পরীক্ষায় ১ম শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছে, তাহারাও নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের সহিত আবেদন করিতে পারিবে এবং তাহাদেরকেও অন্যান্যদের সাথে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

ভাষাতত্ত্ব বিষয়ে ভর্তির জন্য দরখাস্তসমূহ বাংলা বিভাগের চেয়ারম্যানের দফতরে দাখিল করিতে হইবে।

সমাজকল্যাণ বিষয়ে ভর্তির জন্য দরখাস্তসমূহ সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালকের দফতরে দাখিল করিতে হইবে এবং ঐ ইনস্টিটিউট কর্তৃক ভর্তি পরীক্ষা গ্রহণ করা হইবে।

প্রত্যেক বিভাগ কর্তৃক ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা (লিখিত) গ্রহণ করা হইবে। ভর্তি পরীক্ষায় ৩০ নম্বরের কম পাইলে কোন প্রার্থীকে ভর্তির জন্য নির্বাচিত করা হইবে না।

ভর্তি পরীক্ষার তারিখ সংশ্লিষ্ট বিভাগ হইতে জানা যাইবে।

প্রার্থীদের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী (ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহের স্ট্যান্ডার্ড ধরে) পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং ১০০ নম্বরের লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈয়ার করা হইবে এবং মেধার ভিত্তিতে নির্ধারিত আসনে ভর্তির জন্য নির্বাচন করা হইবে।

প্রত্যেক প্রার্থীকে ভর্তি পরীক্ষার ফিস বাবদ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দফতরে ২৫·০০ (পঁচিশ) টাকা জমা দিতে হইবে।

আবেদনপত্রে নিম্নোক্ত তথ্যসমূহ উল্লেখ করিতে হইবে এবং প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করিতে হইবেঃ

(ক) প্রার্থীর নামঃ

(খ) পিতার নামঃ

(গ) স্থায়ী ঠিকানাঃ

(ঘ) বর্তমান ঠিকানাঃ

(ঙ) যে বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুক তাহার নামঃ

(চ) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী পরীক্ষাসমূহ উত্তীর্ণ হওয়ার সন ও প্রাপ্ত বিভাগঃ

(ছ) সংশ্লিষ্ট বিষয় বা সম্বন্ধযুক্ত বিষয়ে ডিগ্রী পরীক্ষায় প্রাপ্ত নম্বরঃ

(জ) জাতীয়তাঃ

(ঝ) পাসপোর্ট আকারের ২ কপি সত্যায়িত ফটোঃ

(ঞ) সংশ্লিষ্ট বোর্ড ও বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র। **সংশ্লিষ্ট স্কুল ও কলেজ কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র (ভর্তির জন্য) গ্রহণযোগ্য হইবে না।**

(ট) বাংলাদেশের অন্য বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যাহারা ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হইবে তাহাদেরকে ভর্তি ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত মূল মাইগ্রেশন সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হইবে, অন্যথায় তাহাদের ভর্তির জন্য অনুমতি দেওয়া হইবে না। **মাইগ্রেশন সার্টিফিকেটের সত্যায়িত বা ফটোস্ট্যাট কপি গ্রহণযোগ্য হইবে না।**

(ঠ) বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র/সার্টিফিকেটে উল্লেখকৃত নামের সাথে ভর্তির ফরমে উল্লেখকৃত নামের কোন গরমিল থাকিলে কোন প্রার্থীকে অনুমতি দেওয়া হইবে না।

(ড) বেআইনীভাবে কেহ ভর্তি হইলে এবং তাহা প্রমাণিত হইলে ভর্তি বাতিল করা হইবে এবং তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

উপ-রেজিষ্টার (শিক্ষা),
ঢাকা বিশ্ববিদ্যালয়।

জিসি—৮২৩